গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
(আইসিটি শাখা)
www.rajshahidiv.gov.bd

# বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব খোন্দকার আজিম আহমেদ এনডিসি<br>বিভাগীয় কমিশনার, রাজশাহী |
| **সভার তারিখ ও সময়** | : | ২০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি: বিকাল ৪.০০-৫.০০ ঘটিকা |
| সভার স্থান | : | ভার্চুয়াল প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | : | জুমে |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় জানানো হয় যে, জনগণের দোরগোড়ায় ই-সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে ই-সেবা কার্যক্রম বাস্তবায়ন করছে। এ প্রক্রিয়ার অংশ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রোগ্রামের যৌথ উদ্যোগে সারাদেশের ন্যায় রাজশাহী বিভাগেও বিভাগীয় পর্যায়ে নাগরিক সেবায় উদ্ভাবনী উদ্যোগ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণ স্ব স্ব দপ্তরে বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করেছেন এবং দপ্তর প্রধানগণ নিয়মিত এ বিষয়ে মনিটরিং করছেন।

০২। সভায় আরও জানানো হয় যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে । অত:পর কার্যপত্র অনুযায়ী সভায় নিম্নরূপ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত ২১ অক্টোবর ২০২৪ খ্রি: অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনীর প্রয়োজনীয়তা আছে কিনা তা সদস্যদের নিকট জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিগত ২১ অক্টোবর ২০২৪ খ্রি: অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ। |
| ২. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার | বিগত ২১ অক্টোবর ২০২৪ খ্রি: অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভায় ৬টি সিদ্ধান্ত গৃহীত হয়। তন্মধ্যে ৫টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৮৩.৩৩%। | শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের চেষ্টা করতে হবে। | বিভাগীয় ইনোভেশন টিমের সদস্যবৃন্দ। |
| ৩. | জেলা ভিত্তিক উদ্ভাবন | সভায় উপজেলা/জেলা পর্যায়ে যে সকল উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়েছে সেগুলোর জেলাভিত্তিক তালিকা করে ২০২৪-২০২৫ অর্থ বছরের চলমান উদ্ভাবনী প্রকল্প নামে জেলা প্রশাসকগণের কার্যালয়ের ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে আপলোড করাসহ পাইলট প্রকল্পগুলো বাস্তবায়ন করা এবং এক্ষেত্রে নতুন উদ্ভাবনী আইডিয়া গ্রহণের সময় | ক) উপজেলা/জেলা পর্যায়ে গৃহীত সকল উদ্ভাবনী উদ্যোগের জেলা ভিত্তিক তালিকা প্রস্তুত করে ২০২৪-২০২৫ অর্থ বছরের চলমান উদ্ভাবনী প্রকল্প নামে জেলা প্রশাসকগণের কার্যালয়ের ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে আপলোড করতে হবে এবং সকল উদ্ভাবনী পাইলট প্রকল্পের শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ।<br><br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পুরাতন আইডিয়া বাস্তবায়নকারীর কাজকেও মূল্যায়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | খ) ইতোপূর্বে গৃহীত আইডিয়াসমূহ মূল্যায়নপূর্বক নতুন উদ্ভাবনী আইডিয়া গ্রহণ এবং প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | |
| ৪. | উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন ও মনিটরিং | সভায় মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। | গৃহীত উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ।<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |
| ৫. | বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সভায় ২০২৪-২০২৫ অর্থ বছরের (এপিএর) অংশ হিসেবে বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। | বিভাগীয় ও জেলা পর্যায়ে গৃহীত (এপিএর) অংশ হিসেবে ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ।<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |
| ৬. | ইনোভেশন টিমের সভা | সভায় জেলা ও উপজেলা ইনোভেশন টিমের সভা নিয়মিত আয়োজন এবং সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ পূর্বক স্ব-স্ব ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ ক্ষেত্রে সভায় জানানো হয় যে, জেলা ও উপজেলাসমূহের ওয়েবপোর্টালে সভার কার্যবিবরণী আপলোড পাওয়া যায়নি। | জেলা ও উপজেলায় ইনোভেশন টিমের সভা আয়োজন করে সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণপূর্বক স্ব-স্ব জেলা প্রশাসকের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করতে হবে। | ১। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ।<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |
| ৭. | মাসিক উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা | সভায় উপজেলা/জেলা/বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন কার্যক্রম নিয়ে আলোচনা করার উপর গুরুত্বারোপ করা হয়। উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা হলে এক দপ্তর অন্য দপ্তরের ইনোভেশন কার্যক্রম সম্পর্কে জানতে পারবে যা ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নে সহায়ক হবে। | উপজেলা/ জেলা/বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় বিভিন্ন দপ্তরের উদ্ভাবনী কার্যক্রমের বিষয়ে আলোচনা অব্যাহত রাখতে হবে। | ১। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ।<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |
| ৮. | ওয়েবপোর্টাল হালনাগাদ | জেলা ও বিভাগীয় পর্যায়ের ওয়েব পোর্টাল পর্যালোচনায় নিম্নরুপ তথ্য পাওয়া যায় (০২/০৩/২০২৫ তারিখের রিপোর্ট ):<br>১। বিভাগীয় পর্যায়ের অফিস: বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্পূর্ণতার হার ১০০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৮৬% ।<br>২। জেলা পর্যায়ের অফিসসমূহ:<br>সিরাজগঞ্জ: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পূর্ণতার হার ৯৫.৬৯% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৮৮%।<br>পাবনা: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পূর্ণতার হার ৯৮.৭৫% এবং অন্যান্য | জেলা ও বিভাগীয় পর্যায়ের নিজ দপ্তরসহ আওতাধীন প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য এবং রিপোর্টসমূহ ১০০% হালনাগাদের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ।<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ।<br>৩। সহকারী প্রোগ্রামার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অফিসসমূহের সম্পূর্ণতার হার ৯২%। বগুড়া: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পূর্ণতার হার ১০০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৯১%। রাজশাহী: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পূর্ণতার হার ১০০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৮৪%। নাটোর: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পূর্ণতার হার ১০০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৮৬%। জয়পুরহাট: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পূর্ণতার হার ১০০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৯৪%। চাঁপাইনবাবগঞ্জ: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পূর্ণতার হার ১০০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৮৯%। নওগাঁ: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পূর্ণতার হার ১০০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৮৫% । | | |

আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা ।

খোন্দকার আজিম আহমেদ এনডিসি
বিভাগীয় কমিশনার
রাজশাহী
ফোন: ০২৫৮৮৮৫৭২৩৩
email-divcomrajshahi@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.০০০০.০১৭.০২.০০১.২৫-১৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
৫) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
৬) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৭) অতিরিক্ত উপ-মহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৮) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
১০) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
১১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
১২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
১৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
১৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
১৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
১৬) প্রধান প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
১৭) পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, রাজশাহী
১৮) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী
১৯) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী
২০) বিভাগীয় উপপরিচালক, বিভাগীয় মৎস অধিদপ্তর, রাজশাহী
২১) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল
২২) উপপরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, রাজশাহী
২৩) কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী ( বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

06.03.25

(মোঃ রেজাউল আলম সরকার )
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি)
রাজশাহী বিভাগ।
ফোন: ০২৫৮৮৮৫৭১০২
email-divcomrajshahi@mopa.gov.bd